

2022

BENGALI

Paper : BEN-HC-4016

[ History of Bengali Literature (Modern Period) ]

( Honours Core )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) শ্রীরামপুর মিশন থেকে বাইবেলের অনুবাদ কী নামে প্রকাশিত হয়েছিল ?
- (খ) বাঙালির লেখা প্রথম বাংলা ব্যাকরণটির নাম কী ?
- (গ) প্রথম বাংলা দৈনিক সংবাদপত্রটির নাম কী ?
- (ঘ) কোন সালে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল ?
- (ঙ) দেবেন্দ্রনাথ ঠাকুরের যে কোনো একটি গদ্যানিবন্ধের নাম করো।
- (চ) অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম কাব্যটির নাম কী ?

- (ছ) 'সারদামঙ্গল' কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো।
- (জ) 'কঙ্কি-অবতার' প্রহসনটি কার রচনা?
- (ঝ) বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক ট্র্যাজেডি কোনটি?
- (ঞ) 'সধবার একাদশী'-র প্রকাশকাল উল্লেখ করো।
- (ট) বঙ্কিমচন্দ্র লিখিত প্রথম উপন্যাসটির নাম কী?
- (ঠ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের যে কোনো একটি গল্প-সংকলনের নাম লেখো।
- (ড) তারাসঙ্কর বন্দ্যোপাধ্যায়ের যে কোনো একটি গল্পের নামোল্লেখ করো।
- (ঢ) শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত গল্পটির নাম কী?
- (ণ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' উপন্যাসটি কত সালে রচিত হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :  $২ \times ৫ = ১০$

- (ক) বাঙালির লেখা প্রথম মুদ্রিত গদ্যগ্রন্থ কোনটি? গ্রন্থটির লেখক কে?
- (খ) সংস্কৃত থেকে অনূদিত রাজা রামমোহন রায়ের দুটি গ্রন্থের নাম লেখো।
- (গ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির রচয়িতা কে? তিনি কোন্ ছদ্মনামে পরিচিত ছিলেন?
- (ঘ) কামিনী রায়ের দুটি কাব্যের নাম লেখো।

- (ঙ) 'গীতাঞ্জলি' কাব্য কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? এর অনুবাদের জন্য কবি কবে নোবেল পুরস্কার পেয়েছিলেন?
- (চ) দ্বিজেন্দ্রলাল রায়ের যে কোনো দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
- (ছ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখিত দুটি পারিবারিক জীবনাস্রয়ী উপন্যাসের নাম লেখো।
- (জ) রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ জীবনে রচিত যে কোনো দুটি গল্পের নাম উল্লেখ করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের ভূমিকা আলোচনা করো।
- (খ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'যুগসন্ধির কবি' বলা যায় কী? তোমার মতামত প্রকাশ করো।
- (গ) 'বঙ্গদর্শন' সাময়িকপত্র সম্বন্ধে আলোচনা করো।
- (ঘ) ভক্তিরসের পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব আলোচনা করো।
- (ঙ) কামিনী রায়ের কাব্যজীবনের পরিচয় দাও।
- (চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের পারিবারিক উপন্যাস সম্বন্ধে এক মূল্যায়ন প্রস্তুত করো।
- (ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের ইতিহাসাস্রয়ী উপন্যাস সম্বন্ধে যা জান লেখো।
- (জ) সাহিত্যিক স্বর্ণকুমারী দেবীর পরিচয় দাও।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) ‘বাংলা গদ্যের জনক’ আখ্যা বিদ্যাসাগরেরই প্রাপ্য কিনা সে সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ফোর্ট উইলিয়ম কলেজের বাংলা গদ্যচর্চার পরিচয় দাও।
- (গ) ঊনবিংশ শতকে বাংলা সাময়িকপত্রের বিকাশের ধারা সম্বন্ধে আলোচনা করো (তোমার পঠিত পাঠক্রমের ভিত্তিতে)।
- (ঘ) মাইকেল মধুসূদন দত্ত বাংলা নাট্যসাহিত্যকে কীভাবে সমৃদ্ধ করেছিলেন সে সম্বন্ধে আলোচনা করো।
- (ঙ) বাংলা গীতিকবিতা রচনার ক্ষেত্রে বিহারীলাল চক্রবর্তীকে কেন ‘পথিকৃৎ’ বলা হয় তা আলোচনা করো।
- (চ) দীনবন্ধু মিত্রের প্রহসন সম্বন্ধে আলোচনা করো।
- (ছ) উপন্যাসিক বঙ্কিমচন্দ্রের প্রতিভার স্বরূপ বিশ্লেষণ করো।
- (জ) ছোটগল্পকার হিসেবে রবীন্দ্রনাথের কৃতিত্ব বিশ্লেষণ করো।
- (ঝ) বাংলা উপন্যাস সাহিত্যে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদানের পরিচয় দাও।
- (ঞ) বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছোটগল্প সম্বন্ধে আলোচনা করো।

\*\*\*